



যান্ত্রিক ত্রুটিতে বড়পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্রে উৎপাদন সম্পূর্ণ বন্ধ



সংগৃহীত ছবি

যান্ত্রিক ত্রুটির কারণে দিনাজপুরের বড়পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ উৎপাদন পুরোপুরি বন্ধ হয়ে গেছে। গত রোববার আংশিকভাবে চালু থাকা এক নম্বর ইউনিটটিও বন্ধ হয়ে গেলে কেন্দ্রটির সব ইউনিট অচল হয়ে পড়ে। মেরামতের কাজ চলছে, এক সপ্তাহের মধ্যে পুনরায় উৎপাদন শুরু হতে পারে বলে জানিয়েছে কর্তৃপক্ষ।

দিনাজপুরের বড়পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ উৎপাদন সম্পূর্ণভাবে বন্ধ হয়ে গেছে। যান্ত্রিক ত্রুটির কারণে একের পর এক ইউনিট বন্ধ হয়ে যাওয়ায় বর্তমানে কেন্দ্রটি সম্পূর্ণ অচল অবস্থায় রয়েছে।

কেন্দ্রের প্রধান প্রকৌশলী আবু বকর সিদ্দিক সোমবার (২০ অক্টোবর) সন্ধ্যায় সাংবাদিকদের জানান, “কেন্দ্রের এক ও তিন নম্বর ইউনিটে যান্ত্রিক জটিলতা দেখা দিয়েছে। মেরামতকাজ দ্রুতগতিতে চলছে। আশা করছি, আগামী এক সপ্তাহের মধ্যে উৎপাদন পুনরায় শুরু করা যাবে।”

এর আগে গত ১৬ অক্টোবর ২৭৫ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন তৃতীয় ইউনিট হঠাৎ করেই বন্ধ হয়ে যায়। এরপর রোববার আংশিক উৎপাদনে থাকা প্রথম ইউনিটও অচল হয়ে পড়ে। ফলে ৫৫০ মেগাওয়াট উৎপাদনক্ষম বড়পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্র সম্পূর্ণভাবে বন্ধ হয়ে যায়। উল্লেখ্য, ২০২০ সাল থেকে ১২৫ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন প্রথম ইউনিটটি যান্ত্রিক ত্রুটির কারণে দীর্ঘদিন ধরে বন্ধ রয়েছে।

বড়পুকুরিয়া কয়লাখনি থেকে উত্তোলিত কয়লা দিয়েই এই কেন্দ্রের বিদ্যুৎ উৎপাদন পরিচালিত হয়। কেন্দ্রটি থেকে উৎপাদিত সব বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরবরাহ করা হতো। উৎপাদন বন্ধ থাকায় জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহ কমে যাওয়ার আশঙ্কা দেখা দিয়েছে, যা লোডশেডিং আরও বাড়িয়ে দিতে পারে বলে জানিয়েছেন জ্বালানি বিশেষজ্ঞরা।